গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নার্সিং শিক্ষা শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং: ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০২.১৭-৩০২

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪৩০
১২ ডিসেম্বর, ২০২৩

বিষয়: ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন

সূত্র: এ বিভাগের নার্সিং শিক্ষা শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০৮.২৩.২৯১; তারিখঃ ০৪/১২/২০২৩ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ০৯/১২/২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপপরিচালক (পরিবার পরিকল্পনা), ঠাকুরগাঁও, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ঠাকুরগাঁও সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পরিবার কল্যাণ পরিদর্শকবৃন্দ সহ ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল, সেবাসমূহ এবং আবাসন সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

১। জনবল চিত্রঃ

ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট জনবলের সংখ্যা ১৪। তন্মধ্যে ৬ জন এফডব্লিউভি, ১ জন অফিস সহায়ক, ২ জন এসিসটেন্ট নার্সিং অ্যাটেনডেন্ট, ১ জন অ্যাম্বুলেন্স ড্রাইভার, ২ জন দাই নার্স ও ২ জন আয়া রয়েছেন। পরিদর্শনকালে সকলে উপস্থিত ছিলেন। তবে হাজিরা খাতা পরীক্ষান্তে দেখা যায় যে, কোনো একজন স্টাফ ছুটিতে থাকলে তা অনেক সময় উল্লেখ করা হয় না। এ বিষয়ে সতর্ক থাকার জন্য পরামর্শ দেয়া হয়।

২। সম্পাদিত কাজের দৈনন্দিন চিত্র ও সিটিজেন চার্টারঃ

এ কেন্দ্র হতে যে সকল সেবা প্রদান করা হয় তার তালিকা ও সিটিজেন চার্টার টাঙ্গানো ছিলো। কেন্দ্রটিতে নিয়মিত গর্ভবতী মায়েদের সেবা, গর্ভোত্তর সেবা, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতিসমূহ সংক্রান্ত সেবা ও নবজাতকদের সেবাসহ অন্যান্য পরিবার পরিকল্পনা সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়। এ কেন্দ্রে স্বাভাবিক প্রসবের পাশাপাশি সিজারিয়ান সেকশন করা হয়। অপারেশনকালে অ্যানেস্থেসিয়া প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন অ্যানেস্থেশিওলজিস্ট প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকেন। এছাড়া, প্রসবের ক্ষেত্রে বা নবজাতকের কোনো জটিলতা দেখা দিলে নিকটস্থ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেফার করা হয়। কেন্দ্রে প্রতিদিন ১০০-এর বেশী রোগী সেবা গ্রহণের জন্য আসেন। রোগীদের সাথে কথা বলে জানা যায় যে, সেবার মান সন্তোষজনক।




ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের কার্যক্রম

৩।　ব্যবহৃত বিভিন্ন প্রকারের রেজিস্টার পর্যালোচনাঃ


পরিদর্শনকালে সাধারণ রোগী রেজিস্টার, খাবার বড়ি রেজিস্টার, ইনজেক্টেবল রেজিস্টার, গর্ভকালীন ও প্রসবোত্তর সেবা রেজিস্টার এবং কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা রেজিস্টার পরীক্ষা করে দেখা হয়। গর্ভকালীন ও প্রসবোত্তর সেবা রেজিস্টারে সকল রোগীদের মোবাইল নম্বর সংযুক্তকরণের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, প্রসবোত্তর রেজিস্টারের তথ্যের আলোকে গর্ভকালীন রেজিস্টার আপডেটের ওপর গুরুত্বারোপ করা হয়। অন্যান্য সকল রেজিস্টার নিয়মিত হালনাগাদ করা হয়।

৪।　কেন্দ্রের ভৌত অবস্থাঃ

পরিদর্শনকালে দেখা যায় যে, কেন্দ্রের সার্বিক অবকাঠামো অত্যন্ত ভঙ্গুর ও জরাজীর্ণ। কিছু রুমের দেয়ালের পলেস্তেরা খসে পড়া অবস্থায় রয়েছে। এছাড়া, কিছু স্থানে শ্যাওলা জমে রয়েছে। অপারেশন থিয়েটার পরিদর্শনেও একই রকম জরাজীর্ণ অবস্থা পরিলক্ষিত হয়। এ বিষয়ে জানতে চাইলে উপপরিচালক (পরিবার পরিকল্পনা), ঠাকুরগাঁও জানান, ইতোমধ্যে কেন্দ্রের সংস্কার ও মেরামতের জন্য ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ওয়ার্ডসমূহ ও লেবার রুম পরিদর্শনে দেখা যায় যে, পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক নয়। বয়ঃসন্ধিকালীন ছেলে-মেয়েদের কাউন্সেলিং কক্ষে যেয়ে দেখা যায় যে, রুমের পেছনের অংশে অটোক্লেভ, সাকার মেশিনসহ বেশ কিছু দামী যন্ত্রপাতি অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন, এ সকল অব্যবহৃত যন্ত্রপাতি ফেরত পাঠানোর জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হয়েছে। কেন্দ্রে সীমানা প্রাচীর রয়েছে এবং পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সন্তোষজনক।



দেয়ালের জরাজীর্ণ অবস্থা



ওটির ছাদের পলেস্তেরা খসে পড়ছে



কাউন্সেলিং রুমে অব্যবহৃত অবস্থায় যন্ত্রপাতি পড়ে রয়েছে

৫। আসবাবপত্রঃ

কেন্দ্রে রোগীদের সেবা প্রদান ও কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য প্রয়োজনীয় পরিমাণে আসবাবপত্র বিদ্যমান রয়েছে। তবে আসবাবপত্রসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক নয়। বেডশীট ও বালিশের কভার নিয়মিত পরিষ্কার করা হয় না। তবে অপারেশন থিয়েটারের দেয়ালের অবস্থা জরাজীর্ণ হলেও আসবাবপত্র ও যন্ত্রপাতির ক্ষেত্রে স্টেরিলিটি মেনে চলা হয়। রোগীর স্বাভাবিক প্রসবের জন্য প্রয়োজনীয় পরিমাণে লেবার টেবিল রয়েছে। এছাড়া, গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসবোত্তর সেবাসহ পরিবার পরিকল্পনা সংক্রান্ত অন্যান্য সেবা প্রদানের জন্য বিদ্যমান আসবাবপত্র ও ইনস্ট্রুমেন্টের সংখ্যা সন্তোষজনক।

৬। বিবিধ তথ্যঃ

ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ভর্তি রোগীদের সাথে কথা বলে জানা যায় যে, কেন্দ্রে প্রদত্ত স্বাস্থ্য সেবার মান সন্তোষজনক এবং কর্মীরা প্রয়োজনীয় সেবা প্রদানের ক্ষেত্রে যথেষ্ট আন্তরিক। তারা বলেন, এ কেন্দ্রে সুচিকিৎসা প্রদান করা হয় বিধায় আশেপাশের এলাকা থেকে প্রতিদিন প্রচুর রোগী স্বাস্থ্য সেবা গ্রহণ করতে আসে। রোগীরা কেন্দ্র থেকে প্রযোজ্য ক্ষেত্রে সরকার প্রদত্ত ঔষধ পায়। এছাড়া, এ কেন্দ্রে কর্মরত কর্মকর্তা-কর্মচারীরা নিয়মিত বিভিন্ন সভা ও প্রয়োজনীয় প্রশিক্ষণে অংশগ্রহণ করে। পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করা হয়। তবে পরিদর্শনের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়। নিম্নস্বাক্ষরকারী পরিদর্শন রেজিস্টারে নিজস্ব মতামত লিপিবদ্ধ করেন।

৭। সার্বিক অবস্থার উপর মন্তব্যঃ

(ক) ঠাকুরগাঁও সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। কেন্দ্রে কর্মকর্তা/কর্মচারীরা নিয়মিত উপস্থিত থাকেন। তবে হাজিরা রেজিস্টার নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন এবং ছুটির ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে রেজিস্টারে উল্লেখ করতে হবে।

(খ) গর্ভবতী মায়েদের জন্য সংরক্ষিত রেজিস্টারসহ অন্যান্য সকল রেজিস্টার নিয়মিত হালনাগাদ ও যথাযথভাবে ব্যবস্থাপনা করা হয়। তবে গর্ভবতী মায়েদের রেজিস্টারে মায়েদের বা নিকটাত্মীয়ের টেলিফোন নম্বর আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। এছাড়া, প্রসব পরবর্তী ফলাফল প্রসবোত্তর সেবা রেজিস্টারের পাশাপাশি গর্ভকালীন রেজিস্টারে আপডেট করতে হবে যাতে একজন মায়ের গর্ভসংক্রান্ত সকল তথ্যাদি এক স্থানে লিপিবদ্ধ থাকে।

(গ) পরিদর্শনে দেখা যায় যে, কেন্দ্রের সার্বিক অবকাঠামো অত্যন্ত ভঙ্গুর ও জরাজীর্ণ। ইতোমধ্যে কেন্দ্রের সংস্কার ও মেরামতের জন্য প্রাপ্ত ১০.০০ লক্ষ টাকার মাধ্যমে কেন্দ্রের সার্বিক মেরামত কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে হবে।

(ঘ) ওয়ার্ড ও লেবার রুমসহ কেন্দ্রের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আশু পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ঙ) অটোক্লেভ, সাকার মেশিনসহ অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা দামী যন্ত্রপাতিসমূহ ফেরত পাঠানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগ করতে হবে।

(চ) কেন্দ্রটি নিয়মিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

২২/১২/২০

সাইনী আজিজ
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৫৫১০০৯৭৯
nurs@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং: ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০২.১৭-৩০২

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪৩০
১২ ডিসেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা

২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। এস এম আল কামাল, উপপরিচালক (পরিবার পরিকল্পনা), ঠাকুরগাঁও

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১২/১২/২৩

সাইনী আজিজ
সিনিয়র সহকারী সচিব